গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২৮.৩২.০০১.২০- ৯৫৪৯

তারিখ : ০১/০৫/১৪২৯ ব.
১৫/০৯/২০২২ খ্রি.

**বিষয় : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তর/ট্রেনিং সেন্টার ও ফায়ার স্টেশনের জমি "মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা" নামে নামজারিকরণ প্রসঙ্গে।**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গুরুত্বপূর্ণ প্রথম সাড়াদানকারী একটি সেবাধর্মী প্রতিষ্ঠান। অত্র বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/ ট্রেনিং সেন্টার ও ফায়ার স্টেশনের জমি মহাপরিচালকের নামে নামজারি না হয়ে বিভিন্ন পদবির কর্মকর্তা/স্টেশনের নামে নামজারি হওয়ায় জমির রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণে জটিলতার সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনকল্পে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তর/ট্রেনিং সেন্টার ও ফায়ার স্টেশনের জমি "মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা" এর নামে নামজারি করার বিষয়ে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।

২। এমতাবস্থায়, ইতঃপূর্বে যেসকল দপ্তর/ ট্রেনিং সেন্টার ও ফায়ার স্টেশনের জমি **"মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা"** এর নামে নামজারি না হয়ে বিভিন্ন পদবির কর্মকর্তা/স্টেশনের নামে নামজারি হয়েছে সেসকল দপ্তর/ ট্রেনিং সেন্টার ও ফায়ার স্টেশনের জমি **"মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা"** এর নামে নামজারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৫/০৯/২০২২

মোঃ ওয়াহিদুল ইসলাম, যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ০২২২৩৩৮৭৩১১
মোবাইল : ০১৭৩০০০২৩২৩

জেলা প্রশাসক
ও
জেলা ম্যাজিস্ট্রেট
.......................

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২৮.৩২.০০১.২০-

তারিখ : ব.
খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ। **(বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।**
৩। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা কোষ/প্রশিক্ষণ/উন্নয়ন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী কমিশনার (ভূমি), ..........................................................।
৫। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অত্র অধিদপ্তরের প্রশাসন/পরিকল্পনা/উন্নয়ন/গার্ড ফাইল/মাস্টার গার্ড ফাইল।

মামুন মাহমুদ
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)